গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সংসদ ও সমন্বয় শাখা

# নৌপরিবহন মন্ত্রণালয়ের ফেব্রুয়ারি ২০২৩ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মোস্তফা কামাল<br>সচিব |
| সভার তারিখ | ২৭.০২.২০২৩ |
| সভার সময় | বিকাল ০৩: টা |
| স্থান | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট- কঃ সভায় উপস্থিত কর্মকর্তাগণ ও পরিশিষ্ট-খঃ সভায় ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত কর্মকর্তাগণ |

সভাপতি কর্তৃক সভায় উপস্থিত এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। তিনি সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (সংসদ ও সমন্বয়) আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র সভায় উপস্থাপন করেন। সংস্থাসমূহের প্রধানগণ, প্রতিনিধি, মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত অন্যান্য কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | **বিগত সভার কার্যবিবরণী অনুমোদন** | গত ৩১-০১-২০২৩ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকলে অনুমোদন করা যেতে পারে মর্মে সভাকে অবহিত করেন। | কোন সংশোধনী না থাকায় গত ৩১-০১-২০২৩ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | - |
| ২. | **বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি** | উপসচিব (সুশাসন) ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় জানান, এপিএ-তে সংশোধিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মন্ত্রণালয়, দপ্তর ও সংস্থার এপিএ টীম কর্তৃক নিয়মিত সভা করা হয়। | ১.এপিএ-তে সংশোধিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মন্ত্রণালয়, দপ্তর ও সংস্থার এপিএ টীম নিয়মিত সভা করবে। দপ্তর/সংস্থার প্রধানগণ ও মন্ত্রণালয়ের এপিএ টীম লিডার বিষয়টি নিশ্চিত করবেন। | ১. দপ্তর ও সংস্থা প্রধান (সকল)।<br>২. এপিএ টীম লিডার নৌপরিবহন মন্ত্রণালয় |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | ই-নথি ব্যবস্থাপনা, ইনোভেশন এবং ওয়েবসাইট হালনাগাদকরণ | সিস্টেম এনালিস্ট মন্ত্রণালয় ও দপ্তর সংস্থাসমূহের ই-নথি কার্যক্রমের মাসিক প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে,<br>ক. ই-গর্ভনেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী ৮৫% ফাইল ই-নথিতে সম্পাদন নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে নৌপরিবহন মন্ত্রণালয় ৮৭% ফাইল ই-নথিতে সম্পন্ন করেছে। বরিশাল মেরিন একাডেমিতে মার্চ মাসের শেষ নাগাদ ই-নথি কার্যক্রম চালু হবে। পরবর্তীতে জাতীয় নদী রক্ষা কমিশন, সিলেট ও পাবনা মেরিন একাডেমীতে ই-নথিতে কার্যক্রম চালু করা হবে।<br>খ. সভাপতি কর্তৃক নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন যে সকল দপ্তর/সংস্থা ই-নথিতে কার্যক্রম এখনও শুরু করেনি সে সকল দপ্তর/সংস্থাকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ই-নথিতে কার্যসম্পাদনে সচেষ্ট থাকার জন্য নির্দেশনা প্রদান করেন। | ১. মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ই-নথিতে নথি নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ।<br>২. সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয় |
| ৪. | অডিট আপত্তি নিষ্পত্তিকরণ | উপসচিব (অডিট ও আইন) সভায় জানান যে, মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর ও সংস্থা সমূহের ৩৯৪টি সাধারণ অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। ৮৫৪টি অগ্রিম অডিট আপত্তি ও ১৬১টি খসড়া অডিট আপত্তিসহ মোট ১৪০৯টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। এগুলোর সাথে আর্থিকভাবে ১৪০০২.৮৯ কোটি টাকা জড়িত আছে। নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ২৯টি যার সাথে জড়িত আপত্তিকৃত অর্থের পরিমাণ ৯৬.০১ কোটি টাকা।<br>সভাপতি অডিট আপত্তি নিষ্পত্তির নিমিত্ত জানান যে, দপ্তর/সংস্থার অডিট আপত্তির মধ্যে সর্বোচ্চ অর্থ জড়িত এরূপ ৫টি অডিট আপত্তি চিহ্নিত করে নিষ্পত্তিকরণের ব্যবস্থা করতে হবে। | ১. মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>২. দপ্তর/সংস্থা সমূহের সর্বোচ্চ অর্থ জড়িত এরূপ ৫টি অডিট আপত্তি চিহ্নিত করে দ্রুত নিষ্পত্তি করতে হবে। | ১.সকল দপ্তর/ সংস্থা প্রধানগণ<br>২. উপসচিব,অডিট ও আইন শাখা নৌপরিবহন মন্ত্রণালয় |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | **দেওয়ানী মামলা সংক্রান্ত তথ্য** | উপসচিব (অডিট ও আইন) সভায় জানান যে, মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের মোট দায়েরকৃত মামলার সংখ্যা ৫০৪টি। এর মধ্যে ৪৮৯টির জবাব দাখিল করা হয়েছে; ১৫টির জবাব দাখিল করা হয়নি। জবাব দাখিলের কার্যক্রম চলমান রয়েছে।<br>সভাপতি রিট ও দেওয়ানী মামলাসমূহের সঠিক হিসাব রাখা, প্রয়োজনে আইনজীবী নিয়োগ এবং যথাসময়ে জবাব প্রদান এবং নিষ্পত্তির নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দপ্তর/ সংস্থা সমূহের প্রধানগণকে অনুরোধ জানান। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাসমূহের মামলা নিষ্পত্তির জন্য প্রয়োজনে আইনজীবী নিয়োগ করতে হবে এবং সংশ্লিষ্ট দপ্তর ও সংস্থার মামলার সঠিক হিসাব রাখতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২. উপসচিব, অডিট ও আইন শাখা নৌপরিবহন মন্ত্রণালয়। |
| ৬. | **তথ্য অধিকার আইন (আরটিআই)** | সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) সভায় জানান, সেবা গ্রহীতাগণের তথ্য প্রাপ্তির আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হচ্ছে। তিনি জানান যে, (১) তথ্য অধিকার আইনের ৫ নং ধারার বিধান মোতাবেক স্বপ্রণোদিত তথ্য প্রকাশ করা হয়েছে। প্রকাশিত তথ্য সমূহ নিয়মিত হালনাগাদ করা হচ্ছে।<br>২. তথ্য অধিকার আইনের ৬ ধারা মোতাবেক স্ব প্রণোদিত তথ্যের শ্রেণিবিন্যাসকরণসহ (ক্যাটালগকরণ) সকল তথ্য মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। এখন ওয়েবসাইটে নির্দেশিত লিংকে প্রবেশ করে বিস্তারিত তথ্য জানা যাচ্ছে। ২০২১-২২ এর বার্ষিক প্রতিবেদন ইতোমধ্যে ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।<br>সভাপতি এ বিষয়ে নিয়মিত মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ/ ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করেন। | ১. সেবা গ্রহীতাগণের তথ্য প্রাপ্তির আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে।<br>২. এ বিষয়ে নিয়মিত মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ/ ওয়েবসাইটে নিয়মিত আপলোড করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২. মন্ত্রণালয়েরে এ সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | **নাম পদবি ব্যবহার সংক্রান্ত** | উপসচিব (সংসদ ও সমন্বয়) সভায় জানান যে, পদনাম/পদবি পরিবর্তনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে বিআইডব্লিউটিএ, জাতীয় নদী রক্ষা কমিশন ও পায়রা বন্দর কর্তৃপক্ষের পরিবর্তিত পদনাম এর অনুমোদন পাওয়া গিয়েছে । অর্থ বিভাগের সম্মতি গ্রহণের নিমিত্ত প্রস্তাব প্রেরণের জন্য পাবক/বিআইডব্লিউটিএ/জাতীয় নদী রক্ষা কমিশন কে অনুরোধ করা হয়। জাতীয় নদী রক্ষা কমিশন থেকে প্রস্তাব পাওয়া গিয়েছে যা অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগে প্রেরণের বিষয়টি প্রক্রিয়াধীন আছে। চবক, মোবক ও বাস্থবক-এর প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। পদনাম/পদবি পরিবর্তনের কার্যক্রম চলমান রয়েছে।<br>সভাপতি জানান, ইতিমধ্যে নাম পদবি পরিবর্তনে যথেষ্ট অগ্রগতি হয়েছে। পরবর্তী অগ্রগতির জন্য তিনি জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। | জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থবিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১. প্রশাসন অনুবিভাগ, নৌপরিবহন মন্ত্রণালয় ও চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন/ চবক/মোবক/পাবক/ বাস্থবক ও বিআইডব্লিউটিএ। |
| ৮ | বিবিধ: | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | **৮.১ বিআইডব্লিউটিএর ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ সংক্রান্ত।** | উপসচিব (টিএ) সভাকে অবহিত করেন যে, বিআইডব্লিউটিএ'র বিরোধপূর্ণ ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে অতিরিক্ত সচিব (সংস্থা- ১) কে আহবায়ক করে একটি কমিটি গঠন করা হয়। ২২-১১-২০২২ তারিখে কমিটির আহবায়কের সভাপতিত্বে সংশ্লিষ্টদের নিয়ে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তের আলোকে মন্ত্রিপরিষদ বিভাগের মধ্যস্থতায় দীর্ঘদিন যাবৎ বিরাজমান এ বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রস্তাব প্রেরণের নিমিত্ত বিস্তারিত তথ্য সম্বলিত একটি প্রস্তাব এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য গত ০৮-০১-২০২৩ তারিখে বিআইডব্লিউটিএ-কে পত্র প্রেরণ করা হয়েছে। চিলমাড়ি ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ নিষ্পত্তি হয়েছে এবং রৌমারি নদী বন্দর গেজেট হলে এটার বিরোধ নিষ্পত্তি হবে। কুমিড়া ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।<br>সভাপতি বিআইডব্লিউটিএর ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ দ্রুত নিষ্পত্তির অনুরোধ জানান। | বিআইডব্লিউটিএ'র বিরোধপূর্ণ ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে দ্রুত প্রস্তাব পেশ করতে হবে। | ১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ ও<br>২.উপসচিব(টিএ) নৌপরিবহন মন্ত্রণায়। |

| | | | | |
|---|---|---|---|---|
| | ৮.২বিভাগীয় মামলার তথ্য প্রেরণ। | উপসচিব (সংসদ ও সমন্বয়) জানান যে, নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন নৌপরিবহন অধিদপ্তরের চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার (১) জনাব এ কে এম ফখরুল ইসলাম, (২) জনাব এস এম নাজমুল হক, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার (৩) জনাব মির্জা সাইফুর রহমান-এর বিরুদ্ধে বিভাগীয় মামলা চলমান রয়েছে।<br>উপসচিব (প্রশাসন) জানান যে, উপর্যুক্ত ৩ (তিন) টি মামলার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। মামলা দ্রুত নিষ্পত্তি জন্য কার্যক্রম চলমান রয়েছে।<br>সভাপতি দপ্তর/সংস্থাপ্রধানগণকে তাদের বিভাগীয় মামলার বিষয়টি দ্রুত নিষ্পত্তি করার জন্য নির্দেশনা প্রদান করেন। | মন্ত্রণালয় এবং দপ্তর ও সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২. উপসচিব, প্রশাসন-১ শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়। |
| | ৮.৩ ইউক্রেন যুদ্ধে ক্ষতিগ্রস্থ বিএসসি'র জাহাজ সম্পর্কে আলোচনা | উপসচিব (সংসদ ও সমন্বয় ) জানান যে, বিএসসি'র জাহাজ এম ভি 'বাংলার সমৃদ্ধি' জাহাজের সর্বশেষ অবস্থা সম্পর্কে এমডি, বিএসসি জানান যে, CTL Agreement স্বাক্ষর করে পাঠানো হয়েছে। বিএসসি এবং সাধারন বীমা কর্পোরেশন থেকে Agreement এ স্বাক্ষর করে জাহাজের ইন্সুরার ও রিইন্সুরারের কাছে পাঠানো হয়েছে। তিনি ইন্সুরার ও রিইন্সুরারের কাছ থেকে ক্ষতিপূরণ ২ সপ্তাহের মধ্যে পাওয়া যাবে মর্মে সভায় অবহিত করেন।<br>সভাপতি ইউক্রেন যুদ্ধে ক্ষতিগ্রস্থ এম ভি 'বাংলার সমৃদ্ধি' জাহাজের ক্ষতিপূরণ আদায়সহ অন্যান্য কার্যক্রম দ্রুত নিষ্পত্তিকরণের জন্য নির্দশনা প্রদান করেন। | ইউক্রেন যুদ্ধে ক্ষতিগ্রস্থ এম ভি 'বাংলার সমৃদ্ধি' জাহাজের ক্ষতিপূরণ যথাযথভাবে আদায় করতে হবে। | ১. ব্যবস্থাপনা পরিচালক বিএসসি<br>২. উপসচিব (বিএসসি) নৌপরিবহন মন্ত্রণালয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| | **৮.৪ পাবক-এর পরিচালক অর্থ/যুগ্ম পরিচালক (এস্টেট) পদে নিয়োগ প্রসঙ্গ।** | উপসচিব (সংসদ ও সমন্বয়) সভাকে অবহিত করেন যে, পাবক-এর পরিচালক (অর্থ) এবং যুগ্মপরিচালক (এস্টেট) পদে প্রেষণে নিয়োগ প্রদানের জন্য এ মন্ত্রণালয় থেকে ২৬/০৯/২০২২ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়।<br>সভাপতি অবশিষ্ট পদসমূহ জরুরি ভিত্তিতে পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। | পরিচালক (অর্থ) এবং যুগ্ম পরিচালক (এস্টেট) পদটি জরুরি ভিত্তিতে পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, পাবক ও উপসচিব (পাবক) নৌপরিবহন মন্ত্রণালয়। |
| | **৮.৫ মন্ত্রণালয়ের ২০২২-২৩ সালের বাজেট বাস্তবায়ন ও আর্থিক প্রতিবেদন প্রকাশ সংক্রান্ত।** | উপসচিব (বাজেট) সভায় নৌপরিবহন মন্ত্রণালয়ের ২০২২-২৩ সালের প্রথম প্রান্তিকের বাজেট বাস্তবায়ন অগ্রগতি এবং ২০২১-২২ সালের আর্থিক প্রতিবেদন প্রকাশ সম্পর্কিত তথ্য উপস্থাপন করেন।<br>সভাপতি আন্তরিকতার সাথে অর্থ বিভাগের পরিপত্র অনুযায়ী যথাযথ ভাবে বাজেট বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করেন। | যথাযথভাবে মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ সালের বাজেট বাস্তবায়ন করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২. উপসচিব, বাজেট শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়। |
| | **৮.৬ মোবক-এর গৃহনির্মাণ ঋণ নীতিমালা এবং কর্মচারী প্রবিধানমালা অনুমোদন** | উপসচিব (মোবক) গৃহনির্মাণ নীতিমালা ও কর্মচারী প্রবিধানমালার বিষয়ে সর্বশেষ অগ্রগতির বিষয়ে সভাকে জানান যে, গৃহনির্মাণ ঋণ নীতিমালা প্রণয়নের লক্ষ্যে গত ০৫-০১-২০২৩ তারিখে অতিরিক্ত সচিব (বন্দর) এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। মোংলা বন্দর কর্তৃপক্ষ আইন ২০২২ এর ৫৮ ধারার ক্ষমতা বলে কর্মচারী প্রবিধানমালা ২০২৩ গ্রহণের জন্য পূর্নাঙ্গ ও স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য ৮ জানুয়ারি মোংলা বন্দর কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়েছে। উপসচিব (সংসদ ও সমন্বয়) জানান যে, গৃহনির্মাণ নীতিমালা ও কর্মচারী প্রবিধানমালা বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে। | মোবক-এর গৃহনির্মাণ ঋণ নীতিমালা ও কর্মচারী প্রবিধানমালা প্রণায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ<br>২. উপসচিব (মোবক) নৌপরিবহন মন্ত্রণালয় |

| | | | | |
|---|---|---|---|---|
| | ৮.৭ বিদ্যমান আইন পরিবর্তন/সংশোধন প্রসঙ্গে | চেয়ারম্যান বিআইডব্লিউটিএ জানান যে, The Ports Act, 1908 ['The Ports (Amendment) Act, 2015'-]এর খসড়ার পরিবর্তে 'বন্দর আইন, ২০১৯' প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। এ লক্ষ্যে 'বন্দর আইন, ২০১৯' প্রণয়নের লক্ষ্যে বিল আকারে প্রস্তাবিত আইনের খসড়াসহ হালনাগাদ তুলনামূলক বিবরণী [বিদ্যমান সংশ্লিষ্ট বিধান, প্রস্তাবিত বিধান ও প্রস্তাবিত বিধানের স্বপক্ষে যৌক্তিকতা] সন্নিবেশ করে প্রণিতব্য আইনের খসড়ার ১৫ (পনের) সেট পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২৩.১০.২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>সভাপতি পুনঃরায় 'বন্দর আইন, ২০১৯' প্রণয়নের লক্ষ্যে বিল আকারে প্রস্তাবিত আইনের খসড়াসহ হালনাগাদ তুলনামূলক বিবরণী [বিদ্যমান সংশ্লিষ্ট বিধান, প্রস্তাবিত বিধান ও প্রস্তাবিত বিধানের স্বপক্ষে যৌক্তিকতা] সন্নিবেশ করে প্রণিতব্য আইনের খসড়া প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। | সকল প্রক্রিয়া যথাযথভাবে অনুসরণ পূর্বক বন্দর আইন ২০১৯ প্রণয়ন নিশ্চিত করতে হবে। | ১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ ২. উপসচিব (টিএ), নৌপরিবহন মন্ত্রণালয়। |
| | ৮. বিআইডব্লিউটিএ'র সাংগঠনিক কাঠামো অনুমোদন | উপসচিব (টিএ) জানান যে, বিআইডব্লিউটিএ'র সাংগঠনিক কাঠামোসহ জনবল অনুমোদন এবং পদ সৃজনের বিষয়ে নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রেরিত প্রস্তাব এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের পর্যালোচনার লক্ষ্যে অনুষ্ঠিতব্য সভায় উপস্থাপনের জন্য ১৩-০৯-২০২২ তারিখে প্রেরণ করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক বিআইডব্লিউটিএ'র সাংগঠনিক কাঠামো নৌপরিবহন মন্ত্রণালয়ের (টিএ) শাখা হতে তৈরি করার কার্যক্রম চলমান রয়েছে।<br>সভাপতি গঠিত চার সদস্য বিশিষ্ট কমিটিকে বিআইডব্লিউটিএ'র সাংগঠনিক কাঠামো তৈরি করার নির্দেশনা প্রদান করেন। | বিআইডব্লিউটিএ'র সাংগঠনিক কাঠামো দ্রুত অনুমোদন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ ২. উপসচিব (টিএ), নৌপরিবহন মন্ত্রণালয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| | ৮.৮ (১) অনিষ্পন্ন কাজের তালিকা প্রেরণ। | উপসচিব (সংসদ ও সমন্বয়) দপ্তর ও সংস্থাসমূহের অনিষ্পন্ন তালিকা স্ব স্ব দপ্তর/সংস্থাপ্রধানগণ সভাকে অবহিত করার অনুরোধ করেন। দপ্তর ও সংস্থা সমূহের অনিষ্পন্ন তালিকা স্ব স্ব দপ্তর/সংস্থাপ্রধানগণ সভাকে অবহিত করেন।<br>সভাপতি অনিষ্পন্ন বিষয়গুলো দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তি করার জন্য এবং অনিষ্পন্ন কাজের তালিকা মন্ত্রণালয়ে প্রেরণের জন্য দপ্তর ও সংস্থা প্রধানগণকে অনুরোধ করেন। | সকল দপ্তরও সংস্থার প্রধানগণকে দ্রুত অনিষ্পন্ন বিষয় নিষ্পত্তি করতে হবে এবং অনিষ্পন্ন বিষয়ের তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা প্রধানগণ |
| | ৮.৯ চট্টগ্রাম, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরকে Designated port ঘোষণা সংক্রান্ত। | উপসচিব (মোবক) জানান যে, 'Port state measures to prevent, deter and eliminate illegal, unreported and unregulated fishing' চুক্তির আওতায় চট্টগ্রাম, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরকে Designated port ঘোষণা করতে হবে।<br>সভাপতি মৎস ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়ের সাথে সমন্বয় করে কার্যক্রম পরিচালনার জন্য তাদেরকে পত্র প্রেরণ করতে নির্দেশনা প্রদান করেন। | চট্টগ্রাম, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরকে Designated port ঘোষণার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | উপসচিব (মোবক), নৌপরিবহন মন্ত্রণালয়। |
| | ৮.১০ দেশের সকল পর্যায়ে 'স্মার্ট বাংলাদেশ' ও ভিশন ২০৪১ সম্পর্কে গৃহীত কর্মপরিকল্পনা ব্যাপকভাবে প্রচারের প্রসঙ্গে। | সিস্টেম এনালিস্ট সভায় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে দেশের সকল পর্যায়ে 'স্মার্ট বাংলাদেশ' ও ভিশন ২০৪১ সম্পর্কে গৃহীত কর্মপরিকল্পনা ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। যাতে করে স্মার্ট সিটিজেন, স্মার্ট সোসাইটি, স্মার্ট ইকোনমি ও স্মার্ট গভর্নমেন্ট গঠন হবে।<br>সভাপতি মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী গৃহীত কর্মপরিকল্পনা বাস্তাবায়নের নির্দেশনা প্রদান করেন। | সকল দপ্তর/সংস্থাকে 'স্মার্ট বাংলাদেশ' ও ভিশন ২০৪১ সম্পর্কে গৃহীত কর্মপরিকল্পনা ব্যাপকভাবে প্রচার করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ।<br>২. সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয় |

মোঃ মোস্তফা কামাল
সচিব

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০৩২.০৬.০০১.২২.২

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৯
০৭ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
২) চেয়ারম্যান, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, জাতীয় নদী রক্ষা কমিশন
৩) চেয়ারম্যান, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
৪) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
৫) চেয়ারম্যান (গ্রেড-১), বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ
৬) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, মোংলা বন্দর কর্তৃপক্ষ
৭) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, পায়রা বন্দর কর্তৃপক্ষ
৮) চেয়ারম্যান, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন
৯) মহাপরিচালক, মহাপরিচালকের কার্যালয়, নৌপরিবহন অধিদপ্তর
১০) অতিরিক্ত সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন
১২) যুগ্মসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩) কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমী (চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রংপুর/পাবনা)
১৪) উপসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা
১৫) অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট
১৬) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা
১৭) সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা
১৮) চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, ঢাকা
১৯) হিসাবরক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা

মোঃ মনিরুজ্জামান মিঞা
উপসচিব